জগন্নাথপুরে ওয়াজিব-মেহের কল্যান পরিষদের চাল বিতরণ

জগন্নাথপুর প্রতিনিধি: সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলার আশারকান্দি ইউনিয়নে ওয়াজিব-মেহের কল্যাণ পরিষদের পক্ষ থেকে অসহায় দরিদ্র মানুষের মধ্যে চাল বিতরণ করা হয়েছে। সোমবার সাবেক ইউপি চেয়ারম্যান, বিশিষ্ট কবি ও গবেষক দীনুল ইসলাম বাবুলের পিতা-মাতার নামে আর্ত মানবতার সেবায় প্রতিষ্ঠিত ওয়াজিব-মেহের কল্যাণ পরিষদের পক্ষ থেকে আশারকান্দি ইউনিয়নের ৬নং ওয়ার্ডে করোনা ও বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবারে মধ্যে চাল বিতরণ করা হয়।
আশারকান্দি ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক সাবেক জনন্দিত ইউপি সদস্য শাহ খায়রুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত চাল বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন কবি ও গবেষক, সাবেক ইউপি চেয়ারম্যান দীনুল ইসলাম বাবুল। বিশেষ অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশ মানবাধিকার কমিশন জগন্নাথপুর উপজেলার সাধারণ সম্পাদক, বিশিষ্ট সমাজসেবক শিক্ষানুরাগী হাজি সোহেল আহমদ খান টুনু, আশারকান্দি ইউপি সদস্য বাবু বকুল চন্দ্র দাস, যুবলীগ নেতা দুলাল, নয়াবন্দর বাজারের ব্যবসায়ী ফখরুল ইসলাম, যুবলীগ নেতা জিতু মিয়া, যুবদল নেতা খাইরুল ইসলাম, মোঃ ছাদিক মিয়া, সেলু মিয়া, রানু মিয়া ও সেলিম মিয়া প্রমূখ।

প্রধান অতিথির বক্তব্যে দীনুল ইসলাম বাবুল বলেন, বৈশি^ক মহামারী করোনা ও দফায় দফায় বন্যায় অসহায় হতদরিদ্র মানুষের জীবন যাত্রা অনেকটা স্থবির হয়ে পড়েছে। আমাদের আশে পাশে অনেক অসহায় মানুষ রয়েছেন যারা লোক লজ্জার ভয়ে কারো কাছে হাত পাতেন না। এমন মানুষদের পাশে দাড়ানো আমাদের সবার নৈতিক দায়িত্ব। সামর্থনুযায়ী নিজ নিজ অবস্থান থেকে অসহায় মানুষের কল্যানে কাজ করতে হবে। উল্লেখ্য যে, কবি ও গবেষক দীনুল ইসলাম বাবুলের পিতা-মাতার নামে আর্ত মানবতার সেবায় প্রতিষ্ঠিত ওয়াজিব-মেহের কল্যাণ পরিষদের পক্ষ থেকে ১৯৮৮সালে আশারকান্দি ইউনিয়নে ৫০০মন ধান ও ২০০৪ সালে ইউনিয়নে বন্যায় ক্ষতিগ্রস্তদের মধ্যে ৪০০মন চাল বাড়ি বাড়ি গিয়ে বিতরণ করা হয়। চলতি ২০২০ সালে আশারকান্দি ইউনিয়নে করোনা ও বন্যায় ক্ষতিগ্রস্ত এক হাজার পরিবারে চাল বিতরণ চলছে। এছাড়াও ওয়াজিব-মেহের কল্যাণ পরিষদের পক্ষ থেকে ইউনিয়নে আর্ত মানবতার কল্যাণে

[illegible], [illegible], [illegible], [illegible], [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible]